

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪১০৬(আগরতলা, ১১।০২)  
পানিসাগর, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

পানিসাগরে জাতীয় সড়ক সুরক্ষা সপ্তাহ উদযাপন

পানিসাগর মহকুমা প্রশাসন এবং পরিবহন দপ্তরের যৌথ উদ্যোগে ৩০তম জাতীয় সড়ক সুরক্ষা সপ্তাহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়। এর অঙ্গ হিসাবে ৮ ফেব্রুয়ারি পানিসাগর মহকুমাভিত্তিক ৩০তম জাতীয় সড়ক সুরক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে পানিসাগর টাউন হলে এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। উপস্থিত ছিলেন পানিসাগর মহকুমা শাসক এল ডার্লং, উত্তর ত্রিপুরা জেলা পরিবহন আধিকারিক রাজু দেব সহ পানিসাগর মহকুমার বিভিন্ন মোটর শ্রমিক সংগঠনের প্রতিনিধিগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বি এম এস-এর পানিসাগর শাখার সভাপতি গোপাল দেব। স্বাগত ভাষণ রাখেন পানিসাগর মহকুমা শাসক এল ডার্লং। উদ্বোধকের ভাষণে বিধায়ক বিনয় ভূষণ দাস যান চালকদের ট্রাফিকবিধি মেনে চলতে এবং যাত্রীদের সুরক্ষা বিষয়ে সচেতন হওয়ার জন্য আহ্বান জানান। জেলা পরিবহন আধিকারিক রাজু দেব ট্রাফিক ব্যবস্থার বিভিন্ন নিয়মবিধি সম্পর্কে সকলকে অবহিত করেন। অনুষ্ঠানে মোটর শ্রমিকদের নিয়ে কুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

\*\*\*\*\*